অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/23/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 বৈশ্বিক মহামারীর মাঝে, জেভিটস সেন্টার অস্থায়ী হাসপাতালের জন্য সরঞ্জাম ও রসদের প্রাথমিক বিলির ঘোষণা দিয়েছেন গভর্নর কুউমো

ফেডারেল প্রশাসন নিউ ইয়র্কে কয়েকশত হাজার মাস্ক, গ্লাভস, গাউন এবং ফেস শিল্ড দান করেছে

গভর্নরের প্রাক্তন সচিব স্টিভ কোহেন, বিল মালরো এবং ল্যারি শোয়ার্জ গভর্নরের COVID-19 টাস্ক ফোর্সে যোগদান করেছেন – 'NYS ফরোয়ার্ড' প্ল্যানের বিকাশ, 'NYS অন পজ' অনুসরণ করে অর্থনীতি পুনরায় চালু করার কৌশল নিয়ে কাজ করতে মালরো ও কোহেনকে নিযুক্ত করা হয়েছে

নির্ধারিত নির্বাহী আদেশের ভিত্তিতে হাসপাতালগুলোর সক্ষমতা 100 শতাংশ বৃদ্ধির লক্ষ্যসহ - ধারণক্ষমতা সর্বনিম্ন 50 শতাংশ বাড়াতে হবে মর্মে স্বাক্ষর করেছেন

ঘোষণা করা হয়েছে যে DFS স্বাস্থ্য বীমাকারীদের অনুরোধ করবে তাদের জন্য কাজ করেন এমন নিবন্ধিত নার্স ও ডাক্তারের সংখ্যা প্রকাশ করার জন্য যাতে স্টেট অস্থায়ীভাবে তাদের সেবা লাভ করতে পারে

FDA নিউ ইয়র্কে একটি সহানুভূতিশীল সেবার ভিত্তিতে নতুন পরীক্ষামূলক ওষুধ ব্যবহারের অনুমোদন দিয়েছে

স্টেট ব্রংক্সে ড্রাইভ-থ্রু টেস্ট ফ্যাসিলিটি চালু করেছে – এ পর্যন্ত 6টি মোবাইল ফ্যাসিলিটি চালু করেছে স্টেট

'নিউ ইয়র্ক স্ট্রংগার টুগেদার' প্রচারণা চালু করা হয়েছে – সেলিব্রিটিরা নিজেরাই নিজেদের বাড়িতে অবস্থান করে ভিডিও পাঠানোর মাধ্যমে গভর্নরের বার্তাটিকে শক্তিশালী করছেন যে সংক্রমণ প্রতিরোধের জন্য যুবসমাজের গৃহে অবস্থান আবশ্যক–রবার্ট ডি নিরো, ড্যানি ডিভিটো, বেন স্টিলার এবং লা লা অ্যান্থোনির ভিডিও দেখুন

নিউ ইয়র্ক স্টেটে আরও 5,707টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 20,875-তে উন্নীত করে; নতুন ঘটনাসমূহ 36 টি কাউন্টিতে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো জ্যাকব কে. জেভিটস সেন্টারে হাসপাতাল রসদের প্রাথমিক সরবরাহের ঘোষণা দিয়েছেন যেখানে ফেডারেল জরুরি ব্যবস্থাপনা সংস্থার (Federal Emergency Management Agency, FEMA) 1,000-শয্যা বিশিষ্ট অস্থায়ী হাসপাতাল তৈরির কাজ শুরু হয়েছে যা করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) মোকাবেলায় নিউ ইয়র্কের হাসপাতালের সক্ষমতা বাড়াতে সাহায্য করবে এবং তা আগামী সপ্তাহে চালু হবে। এটি সেনাবাহিনীর প্রকৌশল বিভাগ (Army Corps of Engineers) কর্তৃক নির্বাচিত চারটি স্থানের একটি সংযুক্তি যার মাধ্যমে নিউ ইয়র্কের ডাউনস্টেটে মোট 4,000 জন ধারণক্ষমতার অস্থায়ী হাসপাতাল তৈরী করা হবে। স্টেট কর্তৃক জেভিটস সেন্টারে ইতিমধ্যে অনেকগুলো সরবরাহ স্থাপনের সাথে সাথে, ফেডারেল প্রশাসন 339,760টি এন-95 মাস্ক (N-95 masks), 861,700টি সার্জিক্যাল মাস্ক, 353,300টি গ্লাভস, 145,122টি গাউন এবং 197,085টি ফেস শিল্ড নিউ ইয়র্ক স্টেটে পাঠিয়েছে।

গভর্নর আরও ঘোষণা করেছেন যে গভর্নরের তিনজন প্রাক্তন সচিব — স্টিভ কোহেন, বিল মালরো এবং ল্যারি শোয়ার্টজ — গভর্নরের COVID-19 টাস্ক ফোর্সে (COVID-19 Task Force) যোগদান করছেন। মালরো এবং কোহেনকে নিউ ইয়র্ক স্টেট ফরোয়ার্ড প্ল্যান (NYS Forward Plan) বিকাশের জন্য নিয়োজিত করা হবে - যা নিউ ইয়র্ক স্টেট অন পজ (NYS on Pause) কার্যনির্বাহী আদেশ অনুসারণ করে অর্থনীতি পুনরারম্ভের একটি কৌশল। শোয়ার্জকে স্টেটের স্বাস্থ্যসেবা সরঞ্জাম ও রসদ অর্জনে এবং নিউ ইয়র্কের হাসপাতালের রোগীর স্ফীতির সামলানোর স্বক্ষমতা বাড়িয়ে তোলার দায়িত্ব দেওয়া হয়েছে।

গভর্নর কুউমো আজ একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন যাতে সমস্ত হাসপাতালের সক্ষমতা 100 শতাংশ বাড়ানোর লক্ষ্যসহ ন্যূনতম 50 শতাংশ বৃদ্ধি করার প্রয়োজনীয়তা তৈরী হয়।

হাসপাতালে রোগীর চাপ সামলানোর ক্ষমতা সমর্থন করার জন্য, গভর্নর ঘোষণা করেছিলেন যে স্টেটের আর্থিক পরিসেবা অধিদপ্তর (State Department of Financial Services) স্বাস্থ্য বীমাকারীকর্তাদের অনুরোধ করছে তাদের নিয়োগকৃত নার্স, ডাক্তার এবং অন্যান্য স্বাস্থ্য পেশাদারদের সংখ্যা প্রকাশ করতে যাতে স্টেট সেই সকল কর্মীদের কাছে পৌঁছাতে পারে এবং তাদেরকে চলমান COVID-19 বৈশ্বিক মহামারী চলাকালীন চিকিৎসাক্ষেত্রে অস্থায়ীভাবে পরিসেবা দানের জন্য অনুরোধ করতে পারে।

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration, FDA) নিউ ইয়র্কে একটি নতুন পরীক্ষামূলক ওষুধ সহানুভূতিশীল যত্নের ভিত্তিতে অনুমোদন দিয়েছে যা COVID-19-এ আক্রান্ত রোগীদের চিকিৎসায় সহায়তা করবে। এই পরীক্ষাটি ভাইরাসের বিরুদ্ধে ব্যক্তিদের রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়াতে এবং উদ্দীপিত করতে সহায়তা করতে অ্যান্টিবডি ইঞ্জেকশন ব্যবহার করবে।

তাছাড়া গভর্নর কুউমো ঘোষণা করেছেন যে ফেডারেল সরকার ন্যাশনাল গার্ডের (National Guard) জন্য ব্যয়ের 100 ভাগ বহন করতে সম্মত হয়েছে। পৃথকভাবে, গভর্নর নিউ ইয়র্কের মেজর ডিসাস্টার ডিক্লারেশনের অধীনে 100 শতাংশ ফেডারেল বহনের অনুরোধ করেছিলেন যা শুক্রবার, 20শে মার্চ অনুমোদিত হয়েছিল।

অধিকন্তু, গভর্নর ঘোষণা করেছেন যে স্টেট ব্রঙ্কসে ডাইভ-থ্রু COVID-19 মোবাইল টেস্টিং ফ্যাসিলিটি চালু করেছে। এটি ব্রঙ্কস ছাড়াও নিউ রোশেল, রকল্যান্ড কাউন্টি, স্ট্যাটেন আইল্যান্ড এবং লং আইল্যান্ডে মোবাইল টেস্টিং ফ্যাসিলিটি সমূহের সাফল্যকে অনুসরণ করে। ড্রাইভ-থ্রু মোবাইল টেস্টিং সুবিধা সেই সব অসুস্থ বা করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকিপূর্ণ মানুষদের স্বাস্থ্যসেবা সুবিধাগুলি থেকে দূরে রাখতে সাহায্য করে যেখানে তারা অন্য মানুষদের সংক্রমিত করতে পারেন। নিউ ইয়র্ক বর্তমানে প্রতিদিন 16,000 জনেরও বেশি লোকের পরীক্ষা করছে, যা অন্য কোনও স্টেটের তুলনায় বেশি এবং মাথাপিছু ভিত্তিতে চীন ও দক্ষিণ কোরিয়ার চেয়েও অধিক।

গভর্নর নিউ ইয়র্কবাসীদের বাড়িতে থাকতে, সংক্রমণ ছড়িয়ে পড়া বন্ধ করতে এবং জীবন বাঁচানোর আহ্বান জানিয়ে 'নিউ ইয়র্ক স্ট্রংগার টুগেদার (NY Stronger Together)' ক্যাম্পেইনও চালু করেছেন। প্রচারণার অংশ হিসেবে, তারকা রবার্ট ডি নিরো, ড্যানি ডিভিটো, বেন স্টিলার এবং লা লা অ্যান্থোনি তাদের গৃহে অবস্থানের ভিডিও প্রেরণ করেছেন গভর্নরের বার্তাকে সমর্থন করতে যে যুবসমাজকে নিজেদের জন্য নয় বরং বয়স্ক ও অধিক ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের রক্ষায় সাহায্য করার জন্য বাড়িতে থাকতে হবে। এই অভিযানের আরেকটি লক্ষ্য হবে স্টেটের সরবরাহ সক্ষমতা বাড়াতে বড় কর্পোরেশন, তারকা, জনহিতকর সংগঠনের অনুদানকেও আলোকপাত করা।

"আমরা জানি যে ভাইরাসের সংক্রমণের হার হ্রাস করার সবচেয়ে কার্যকর উপায় হল ঘনত্ব হ্রাস এবং পরীক্ষা-নিরীক্ষা বৃদ্ধি করা এবং এটি করার জন্য আমাদের পরিকল্পনা রয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা ঘনত্ব হ্রাস করতে সরকারের নেয়ার মত এমন প্রতিটি পদক্ষেপ নিয়েছি এবং আমরা দেশের অন্যান্য স্টেটের তুলনায় আরও বেশি পরীক্ষা-নিরীক্ষা করছি এবং এখন আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা রোগীর সর্বোচ্চ স্ফীতি সামলাতে প্রস্তুত তা নিশ্চিত করতে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের হাসপাতালের সক্ষমতা এবং রসদের মজুদ বাড়ানোর দিকে নজর দিতে হবে। বিশেষত নিউ ইয়র্ক সিটিতে, আমাদের এখনও ঘনত্ব নিয়ন্ত্রণের সমস্যা রয়েছে এবং আমরা নিউ ইয়র্কবাসীকে অন্যদের সম্পর্কে চিন্তাভাবনা করতে এবং আমাদের সর্বাধিক দুর্বল জনগোষ্ঠীকে রক্ষার জন্য যথাসম্ভব বাড়ির ভিতরে থাকতে উৎসাহিত করে চলেছি।"

পরিশেষে, গভর্নর আরও 5,707টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটে স্টেট রাজ্যজুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 20,875-তে উন্নীত করে। মোট 20,875 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	127	4
Allegany	2	0
Broome	7	4
Cayuga	2	2
Chenango	3	0
Clinton	6	2
Columbia	10	5
Cortland	2	1
Delaware	3	0
Dutchess	100	18
Erie	87	33
Essex	3	0
Fulton	1	0
Genesee	1	0
Greene	4	2
Hamilton	2	0
Herkimer	4	0
Jefferson	2	1
Livingston	3	1
Madison	4	3
Monroe	76	19
Montgomery	3	0
Nassau	2,442	542
Niagara	10	4
NYC	12,305	3,260
Oneida	7	2
Onondaga	52	23
Ontario	6	0
Orange	389	142
Oswego	1	1
Otsego	1	1
Putnam	45	8
Rensselaer	29	3
Rockland	592	137
Saratoga	53	12
Schenectady	44	5
Schoharie	1	0
St. Lawrence	1	0

Steuben	4	1
Suffolk	1,458	424
Sullivan	23	7
Tioga	1	0
Tompkins	15	2
Ulster	35	9
Warren	2	1
Washington	3	2
Wayne	6	3
Westchester	2,894	1,021
Wyoming	4	2

\# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন